প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

TESS India

গান, ছড়া এবং শব্দ নিয়ে খেলা

Songs, rhymes and word play

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-ইন্ডিয়া) টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস)OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 EE02V1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীর একর্ম ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই অধ্যায়টির আলোচ্য বিষয় হল আপনি কীভাবে আপনার শিক্ষার্থীদের কাছে ইংরেজি ভাষা শেখার কাজটিকে উপভোগ্য করে তুলতে পারেন। ভাষা শিক্ষা কখনোই চাপযুক্ত হওয়ার কথা নয় এবং হওয়া উচিতও নয়, বিশেষত: বিদ্যালয়ের শুরুর বছরগুলিতে।

শিক্ষার্থীরা গান করতে, গুনগুন করতে, ছড়া কাটতে, শব্দ করতে এবং এমন সব অর্থহীন শব্দ তৈরি করতে ভালবাসে যার কোন মানেই হয় না। এটি কিন্তু শুধুই মজার বিষয় নয় - এটি ভাষা শিক্ষা প্রক্রিয়ার অঙ্গ। গান, ছড়া এবং শব্দ নিয়ে খেলা ' প্রাক-পঠন' অ্যাক্টিভিটি। ইংরেজি শব্দ শুনলে ও অভ্যাস করলে তা শিক্ষার্থীদের বইয়ের পাতার লেখাগুলিকে চেনা ও পড়ার জন্য প্রস্তুত করে তোলে।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ইংরেজিতে প্রাক-পঠন দক্ষতার লক্ষণগুলিকে চিনতে পারা।
- আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে উন্নতির জন্য গান ও ছড়ার ব্যবহার করা।
- আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে উন্নতির জন্য কবিতার ব্যবহার করা।

1 প্রাক-পাঠকেরা কী কী জানবে?

আপনি ভাবুন যে প্রাক্–পাঠকেরা ভাষা সম্বন্ধে কি কি জানে। তাদের এই জানা এবং সে সম্বন্ধে আপনার ভাবনাকে আপনি একটি কাজের মাধ্যমে কীভাবে রূপ দিতে পারেন?

অ্যাক্টিভিটি 1: প্রাক-পাঠকেরা কী কী জানবে?

প্রথমে নিচে সঞ্জয় সম্বন্ধে একটি ছোট বিবরণ পড়ুন। তারপর নীচের প্রশ্নগুলির উত্তর দিন।

সঞ্জয়ের বয়স চার বছর। সে ছড়া দিয়ে খেলা ও ছড়ার কৌতুক ভালবাসে, এমনকি যখন সেগুলির মানে সে পুরোপুরি বুঝে উঠতে পারে না তখনও। উদাহরণস্বরূপ, সে তার দাদার সঙ্গে শব্দ নিয়ে এই খেলাটি খেলতে পছন্দ করে:

প্রঃ ব্রুস লি-র আঙ্গুলকে কি বলে? A: উঙ্গলি (আঙ্গুল)

প্রঃ তাঁর স্ত্রীর বোনকে কি বলে? A: সালি (শালি/খারাপ কথা)

প্রঃ তাঁর বাগান কে দেখে? A: মালি (বাগানের মালি)

প্রঃ ব্রুস লি-র প্রিয় সবজি কি? A: মুলি (মুলো)

প্রঃ ব্রুস লি-র প্রিয় প্রাতঃরাশ কি? A: ইডলি (একটি দক্ষিণ ভারতীয় পিঠা)

প্রঃ …উৎসব? A: দেওয়ালি

প্রঃ …গান? A: কাওয়ালি

প্রঃ …সিনেমা? A: কুলি

প্রঃ …প্রাণী? A: বিল্লি (বিড়াল)

প্রঃ …মস্তিস্ক? A: তোমারটা! কারণ ওটা খালি (ফাঁকা)!

এইবার এই প্রশ্নগুলির উত্তর দিন:

- সঞ্জয় ও তার দাদা কেন এই খেলাটা খেলতে পছন্দ করে বলে আপনি মনে করেন?
- এটি খেলার জন্য তাদের কী জানা দরকার?
- আপনি কি এই খেলাটির নিয়ম-কানুনগুলি ধরতে পেরেছেন?
- আপনি একই ধরণের আর কোনও খেলা জানেন? আপনি কি নিজে এইরকম একটি খেলা তৈরি করতে পারবেন?

সঞ্জয়ের খেলাটি কল্পনামূলক ও সৃজনশীল, এবং সেই সঙ্গে বোকা বোকা ও মজাদার। এই খেলাটি শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করে। এই সমস্ত বিষয়গুলি একত্রিতভাবে শিশুদের কাছে ভাষা শিক্ষার কাজটাকে স্মরণীয় করে রাখে। এই খেলার নিয়ম-কানুনগুলি হল প্রতিটি কথার শেষে অন্ত:মিল থাকতে হবে। প্রতিটি শব্দেরই মানে থাকতে হবে এবং সেগুলি জানা শব্দ হতে হবে। যে সমস্ত শিশু অন্ত:মিলযুক্ত শব্দ শুনতে ও পূর্বধারণা করতে পারে, তারা গুরুত্বপূর্ণ প্রাক-পঠন দক্ষতা রপ্ত করছে। তারা ভাষার শব্দরূপ শিখছে এবং পরবর্তীতে তারা এই সমস্ত শব্দগুলিকে লিখিত শব্দের সঙ্গে মেলাবে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

আপনার শ্রেণির শিক্ষার্থীদের কথা ভাবুন। ওরা কি নিজেদের ভাষায় বা ইংরেজিতে ছড়া ও ছোট কবিতা জানে? ওরা কি ভাষা নিয়ে কোন খেলা খেলে? ওরা কি অন্ত:মিলযুক্ত শব্দগুলিকে চেনে?

2 কবিতা দিয়ে গান করা

এইবার এই অ্যাক্টিভিটিটি করে দেখুন।

অ্যাক্টিভিটি 2: কবিতা দিয়ে গান করা

এমন অনেক কবিতা আছে যেগুলি ছোট এবং মনে রাখা সহজ। শিক্ষার্থীদের ভাষার শব্দরূপের সঙ্গে পরিচিত করানোর জন্য কবিতা খুব ভাল একটি উপায়, এমনকি শুরুতে যদি শব্দগুলি তাদের কাছে না জানা থাকে তাহলেও। এটি উপভোগ্য পদ্ধতিতে ভাষা শিখতে উৎসাহিত করে। এই কার্যকলাপে আপনি আপনার শ্রেণিকে শেখানোর জন্য একটি ছোট কবিতা বেছে নেবেন।

নীচে বাংলায় একটি ছড়া দেওয়া হল। আপনি কি অন্ত:মিলযুক্ত শব্দগুলিকে সনাক্ত করতে পারেন?

আগাডুম বাগাডুম তাড়াতাড়ি,
যদু মাস্টার শ্বশুর বাড়ি,
রেল গাড়ি ঝমাঝম,
পা পিছলে আলুর দম।

এইবার এই কবিতাটিকে সম্পদ 1-এ পড়ুন। এইরকম আরও কিছু কবিতা হয়ত আপনার জানা থাকতে পারে। কবিতার পরে যে সংক্ষিপ্ত

মন্তব্যটি দেওয়া আছে তা পড়ুন।

একটি কবিতা বেছে নিয়ে উচ্চ কণ্ঠে সেটি নিজে নিজে পড়ুন। কবিতার অন্ত:মিলযুক্ত শব্দগুলিকে সনাক্ত করুন।

কবিতাটি মুখস্থ করে ফেলার চেষ্টা করুন এবং তারপর সেটিকে অন্য কারোর সামনে বলুন। এমন কোন ক্রিয়া রয়েছে কি যেগুলিকে আপনি কবিতায় দিতে পারেন? আপনি কবিতাটির সঙ্গে কোন অঙ্গভঙ্গি যুক্ত করতে পারেন, যেমন চক্রাকারে নৃত্য?

এইবার একটি ছড়া বা গান বেছে নিন - তা সম্পদ 1 থেকেও হতে পারে আবার আপনার জানা কোন কিছুও হতে পারে - যা আপনি আপনার শ্রেণিতে ব্যবহার করবেন। আপনার শিক্ষার্থীদের সঙ্গে সেটিকে আবৃত্তি করুন বা গান করুন। কাজটি আপনি শ্রেণিকক্ষের বাইরেও করতে পারেন, এবং শিক্ষার্থীদের একটি বড় বৃত্তে বা দুটি সারিতে দাঁড় করাতে পারেন (চিত্র 1)।

চিত্র 1 কাজটি আপনি শ্রেণিকক্ষের বাইরে শিক্ষার্থীদের একটি বড় বৃত্তে বা দুটি সারিতে দাঁড় করিয়েও করাতে পারেন।

আপনি কি এমন শিক্ষার্থীদের সনাক্ত করতে পারলেন, যাদের মিলের ধরণ ও অন্ত:মিলযুক্ত শব্দের মধ্যে তফাত করতে অসুবিধা হচ্ছে? তেমনটি দেখতে পেলে তা লিখে রাখুন - এটিকে শ্রবণ বৈকল্য বা শুনতে পাওয়া সমস্যা হিসেবে চিহ্নিত করা যেতে পারে।

সমস্ত ভাষাতেই ছোট ছোট শিক্ষার্থীদের জন্য ছড়া রয়েছে। তার মধ্যে কিছু মজাদার ও কিছু গুরুগম্ভীর - এবং কিছু আবার খানিকটা কটুও হতে পারে! ছড়া শিশুদের ভাষাশিক্ষার অভিজ্ঞতা প্রদান করে। ছড়া মনে রাখা এবং আবৃত্তি করা যেহেতু অপেক্ষাকৃত সহজ, তাই তা নবীন ভাষা শিক্ষার্থীদের মধ্যে সাবলীলতা ও আত্মবিশ্বাস গড়ে তোলে। এছাড়াও এতে শব্দের ধ্বনি সম্পর্কে জ্ঞান তৈরি হয় - যা একটি অতি গুরুত্বপূর্ণ প্রাক-পঠন দক্ষতা। যে শিক্ষার্থী কোন না কোন ভাষার ছড়া জানে, তার মধ্যে ভাষা ও পড়ার জন্য প্রয়োজনীয় আত্মবিশ্বাস, সৃজনশীলতা ও দক্ষতা গড়ে ওঠে।

কেস স্টাডি 1-এ শিক্ষক লক্ষ্য করেন যে, শিক্ষার্থীরা ছড়া উপভোগ করছে। তিনি তাদের মধ্যে এই আগ্রহকে ইংরেজিতে উন্নতি করার জন্য গড়ে তুলেছেন।

কেস স্টাডি 1: শ্রীমতি প্রতিমা ইংরেজির জন্য একটি অন্ত:মিল তৈরি করার খেলা খেলেন।

শ্রীমতি প্রতিমা দ্বিতীয় শ্রেণির জন্য পাঠ্যবইয়ের পাঠ থেকে অন্ত:মিল তৈরির একটি খেলা তৈরি করেছেন।

আমি পাঠ্যবইয়ে জীবজন্তু সম্বন্ধে একটি কবিতা পড়াতাম। একদিন দুপুরের পর আমি দেখলাম শিক্ষার্থীরা বাইরে হাতে তালি দিয়ে দিয়ে একটি খেলা খেলছে। আমি তাদেরকে পাঠ্যবইয়ের ওই কবিতাটি থেকে শব্দ ব্যবহার করতে শুনেছিলাম। তারা ইংরেজিতেও এমন কিছু শব্দ বলছিল যেগুলি তাদের পাঠের মধ্যে ছিল না। কখনও কখনও তারা এমন সব শব্দ তৈরি করছিল যেগুলির কোন মানে হয় না, কিন্তু সেগুলি ইংরেজি শব্দগুলির সঙ্গে অন্ত:মিলপূর্ণ ছিল। ওরা লাফাচ্ছিল, হাতে তালি দিয়ে ছড়া বলছিল এবং গুনগুন করছিল:

‘Frog!’
‘Log!’
‘Dog!’
‘Pog!’

ওদের খেলাটা আমার পাঠের অন্তর্ভুক্ত ছিল না। আমি ভাবছিলাম কীভাবে অন্ত:মিলযুক্ত শব্দ তৈরির এই খেলাটায় ওদের আগ্রহ তৈরি করতে পারব।

পাঠ্যবইয়ের পরের পাঠটি ছিল ‘তুমি তোমার স্কুলব্যাগে করে কী কী নিয়ে আসবে?’ এই পাঠের উপর ভিত্তি করে আমি আমার ক্লাসকে একটি খেলা খেলতে বলেছিলাম যার নাম ‘ছড়া কাটা বাটি’।

আমি একটি বাটিতে নানান ধরনের ছোট ছোট জিনিস রেখেছিলাম: এক টুকরো চক, একটি চামচ, একটি বল, একটি কলম, একটি পিন এবং একটি টুপি। এই বস্তুগুলির কয়েকটির ব্যাপারে পাঠ্যবইয়ের পাঠে ছিল। এরপর আমি শিক্ষার্থীদের বুঝিয়ে বলেছিলাম যে, আমি একটি করে ইংরেজি শব্দ বলব যার সঙ্গে বাটিতে রাখা কোন একটি বস্তুর নামের সঙ্গে অন্ত:মিল থাকবে। আমি বলেছিলাম ‘moon’, এবং তারপর একজন শিক্ষার্থীকে বলেছিলাম, বাটি থেকে এমন একটি বস্তু তুলে নিতে যার নামের সঙ্গে ‘moon’ (spoon’-এর অন্তমিল রয়েছে)। আমি ততক্ষণ অবধি এটি চালিয়ে গিয়েছিলাম যতক্ষণ না সমস্ত বস্তুগুলি তোলা হয়ে যায়।

শিক্ষার্থীরা এই খেলাটি খুবই পছন্দ করেছিল এবং আবারও খেলতে চেয়েছিল। কখনও কখনও তারা বাংলা শব্দও ব্যবহার করছিল এবং কখনও আবার একেবারে নিজেদের তৈরি করা কোন শব্দ বলছিল। ইংরেজি শব্দটির সঙ্গে অন্ত:মিল রয়েছে এমন সব কিছুই আমি মেনে নিয়েছিলাম।

ওই সপ্তাহে পরে, আমি গোটা শ্রেণিকক্ষটিকে চার জন করে শিক্ষার্থীর ছোট ছোট দলে ভাগ করে নিয়েছিলাম। প্রতিটি দলই বস্তু বা ছবির কার্ড ব্যবহার করে এই ‘ছড়া কাটা বাটি’ খেলাটি খেলেছিল।

এখন আমি তাদের শব্দভাণ্ডার মজবুত করার জন্য ইংরেজি পাঠ্যবইয়ের সবকটি অধ্যায় থেকেই অন্ত:মিলযুক্ত শব্দ তৈরির ছোট ছোট খেলা বা অ্যাক্টিভিটি তৈরির চেষ্টা করছি। আমি শিক্ষার্থীদের দিয়ে জোড়ায় জোড়ায় ছড়া আবৃত্তি করাই এবং ছড়ার সঙ্গে তাল রাখতে অঙ্গভঙ্গিও করতে বলি।

শিক্ষার্থীদের ছোট ছোট দলে কাজ করানোর জন্য সংগঠিত করার উপায় সম্বন্ধে জানতে সম্পদ 2, ‘দুটি কাজ ব্যবহার করা’ দেখুন।

চিন্তার জন্য সাময়িক বিরতি

প্রতিমা ভাষা নিয়ে এমন অ্যাক্টিভিটি তৈরি করেছিলেন যা শিক্ষার্থীদের কাছে উপভোগ্য বলে মনে হয়। ওদের কাছে কোনটি উপভোগ্য হবে তার সন্ধান তিনি কীভাবে পেয়েছিলেন?

শিক্ষার্থীরা ইংরাজী শব্দের সঙ্গে অন্তঃমিল আছে এমন বাংলা ও অর্থহীন শব্দগুলিকেও ব্যবহার করছিল। আপনার কি মনে হয় এই বিষয়টি বা ব্যাপারটিকে গ্রহণ করে প্রতিমাদেবী শিক্ষিকা হিসাবে ঠিক কাজ করেছিলেন বা ভালো ধারণার পরিচয় দিয়েছিলেন?

শিক্ষার্থীদের দিয়ে ছোট ছোট দলে 'ছড়া কাটা বাটি' অ্যাক্টিভিটিটি করানোর সুবিধা ও সম্ভাব্য অসুবিধাগুলি কী কী?

দলগত কার্যকলাপের মধ্যে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য প্রতিমার সুযোগগুলিকে কি আপনি চিহ্নিত করতে পারেন?

ভিডিও: গল্প বলা , গান করা, চরিত্রাভিনয় করা, নাটক করা

3 ছড়া থেকে কী শেখা যায়

ছড়া থেকে স্বাধীনভাবে ইংরেজি ভাষা ব্যবহারের আত্মবিশ্বাস পাওয়া যায়। শিক্ষার্থীদের শুরুর শব্দভাণ্ডার প্রসারের ক্ষেত্রে এগুলি বেশ মজাদার উপায় এবং এগুলি সহজ ধ্বনি ও বাক্যের ধরণের সঙ্গে পরিচিত করায়। নীচে একটি ছড়ার উদাহরণ দেওয়া হল:

One, two, three-four-five
Once I caught a fish alive
Six, seven, eight-nine-ten
Then I let it go again.

এই ছড়া থেকে কোন ধরণের শব্দভাণ্ডার, বাক্যের ধরণ ও ধ্বনির ধরণ শেখা যায়? আপনার ভাবনাগুলিকে আমাদের সঙ্গে মিলিয়ে নিন:

- অন্ত:মিলযুক্ত শব্দ ও ধ্বনির ধরণ: অন্ত:মিলগুলি হল 'five' এবং 'alive', 'এবং' 'ten' 'এবং' 'again'। এই জোড়াগুলির সঙ্গে অন্ত:মিল রয়েছে এমন আরও শব্দ শিখতে আপনি আপনার শিক্ষার্থীদের সাহায্য করতে পারেন, উদাঃ 'dive', 'hive' এবং 'arrive' (তারা এ-ও লক্ষ্য করবে যে 'give'-এর সঙ্গে 'five'-এর কোন অন্ত:মিল নেই), এবং 'men', 'hen', 'pen', 'when' এবং 'then'.
- শব্দভাণ্ডার: এক থেকে দশ পর্যন্ত সংখ্যাগুলির নাম, 'alive' (মৃত্যুর বিপরীত), 'again' (আরও একবার পুনরাবৃত্তি করতে)।
- বাক্যের ধরণ: এর মধ্যে রয়েছে 'let …' (অনুমতি দেওয়া, মঞ্জুর করা) এবং 'once…' (অতীতের কোন ঘটনা সম্বন্ধে বলা)। এই ধরনের শব্দগুলিকে কীভাবে বিভিন্ন উপায়ে ব্যবহার করা যেতে পারে আপনি শিক্ষার্থীদের তা প্রদর্শন করে দেখাতে পারেন। 'let …' এবং 'once …'.' ব্যবহার করে শিক্ষার্থীরা কী করতে চায় এবং কী ঘটেছে তা তাদের বলার জন্য উৎসাহিত ও সাহায্য করুন। উদাহরণস্বরূপঃ 'Let it go!'; 'Let us out!'; 'Let me play!'; 'Let him read'; 'Let her speak'; 'Let me come in!'; 'Let the baby sleep!'; 'Once upon a time …'; 'Once I got lost'; 'Once I ate ten rotis!'; 'Once I saw a crocodile'; 'Once I fell down and got hurt'; 'Once I found a baby bird'.

অ্যাক্টিভিটি 3: ইংরেজিতে ছড়া ব্যবহার করা

একটি পাঠ প্রস্তুত করার কাজ হাতে নিতে আপনার জন্য এটি একটি পরিকল্পনা অ্যাক্টিভিটি।

সম্পদ 3-এ যান এবং আপনার শিক্ষার্থীদের সঙ্গে করার জন্য ইংরেজিতে একটি ছোট কবিতা, ছড়া বা গান বেছে নিন। আপনি আপনার ইংরেজি পাঠ্যবই থেকেও একটি ভাল ছড়া বা কবিতা পেতে পারেন।

ইংরেজি ছড়াটিকে বলুন বা গান করুন এবং ছড়াটির সঙ্গে সম্পর্কযুক্ত অঙ্গভঙ্গীগুলি অভ্যাস করুন। যে কবিতাটি আপনি বেছে নেবেন নিশ্চিত করুন, তাতে আপনি এইগুলি চিহ্নিত করতে পারেনঃ

- অন্ত:মিলযুক্ত শব্দ ও ধ্বনির ধরণ
- বাক্যের ধরণ
- মূল শব্দভাণ্ডার।

আপনার শিক্ষার্থীদের সঙ্গে ছড়াটি ব্যবহারের জন্য একটি পরিকল্পনা ছকে নিন। আপনার সহকর্মী বা প্রধান শিক্ষকের সঙ্গে আপনার পরিকল্পনাটি পর্যালোচনা করুন।

আপনি কি কবিতার বিষয়টিকে আপনার ইংরেজি পাঠের মধ্যে অন্তর্ভুক্ত করবেন, না কি অন্য কোন সময় তা করবেন?

আপনি কোথায় এটি শেখাবেন - শ্রেণিকক্ষের বাইরে না কি ভেতরেই?

আপনি কি শব্দগুলিতে কোন সুর আরোপ করবেন? আপনি কি কোন রকম গতিবিধি বা অঙ্গভঙ্গির ব্যবহার করবেন?

আপনার কী কী সম্পদের প্রয়োজন হবে? উদাহরণস্বরূপ, আপনি কি শিক্ষার্থীদের বোঝার সুবিধার জন্য ছবি বা শব্দের কার্ডগুলি ব্যবহার করবেন?

4 শ্রেণিকক্ষে ইংরেজি শেখাতে ছড়ার ব্যবহার

নিজেদের ইংরেজি উন্নত করতে শিক্ষার্থীদের কাছে ছড়া বেশ মজাদার পদ্ধতি এবং আপনার কাছে তা কথ্য ইংরেজিতে ব্যবহারের আত্মবিশ্বাস বাড়াতে কাজে আসে।

অ্যাক্টিভিটি 4: ইংরেজি শেখাতে ছড়া ব্যবহার

পরবর্তী কয়েকটি পাঠ জুড়ে একটি ছোট ইংরেজি ছড়া বা কবিতা উপস্থিত করুন - আপনি অ্যাক্টিভিটি 3-এ যে ছড়াটি তৈরি করেছিলেন সেটিকে ব্যবহার করতে পারেন অথবা অন্য একটি ছড়া বা কবিতাও বেছে নিতে পারেন। এমন একটি ছড়া বেছে নিন যাতে সহজ কাজের শব্দ রয়েছে। গোটা সপ্তাহ জুড়ে একাধিক বার ছড়াটি আবৃত্তি করে যান। এটি শিখে নেওয়ার জন্য শিক্ষার্থীদের একের অধিক বার শোনার প্রয়োজন হবে।

আপনি বিদ্যালয় খোলা থাকে এমন দিনের শুরু বা শেষ একটি ছোট ছড়া দিয়ে শুরু করতে পারেন। প্রতি সপ্তাহেই একটি করে নতুন ছোট ছড়া উপস্থিত করার চেষ্টা করুন। আপনি শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার জন্যও ছোট ছড়া ব্যবহার করতে পারেন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থীদের একটি অ্যাক্টিভিটি থেকে অন্যটিতে নিয়ে যাওয়ার সময় বা আপনার প্রতি তাদের মনোযোগ কেন্দ্রীভূত করার জন্য।

শিক্ষার্থীদের অন্ত:মিলযুক্ত শব্দ মনে রাখতে ও ব্যবহার করতে সাহায্য করুন। ভাষাশিক্ষার পাঠে যখনই উপযুক্ত মনে হবে শিক্ষার্থীদের পাঠের অন্ত:মিলযুক্ত শব্দগুলিকে সনাক্ত করতে সাহায্য করুন। আপনিও শিক্ষার্থীদের সঙ্গে একসঙ্গে অন্তঃমিলযুক্ত শব্দগুলিকে বোর্ডে লিখে এবং ওদের সঙ্গে পড়ে ওদের শিখনকে আরো মজবুত করে তুলতে পারেন।

এছাড়াও আপনি শিক্ষার্থীদের জন্য রাখা বুলেটিন বোর্ডে অন্ত:মিলযুক্ত শব্দগুলি লিখে তাদের রোজ পড়তে বলতে পারেন। অন্ত:মিল শব্দগুলিকে মোটা হরফে এবং একই রং ব্যবহার করে লিখুন যাতে একই ধরণের ধ্বনি ও শব্দান্ত চিনতে শিক্ষার্থীরা উৎসাহিত বোধ করে।

আপনি যখন শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন এবং তাদের কৃতিত্বের নথি তৈরি করবেন তখন সেই সমস্ত শিক্ষার্থীর নাম লিপিবদ্ধ করে রাখুন যারা একইরকম শুনতে ও একইরকম ধ্বনির ধরণযুক্ত শব্দগুলিকে সনাক্ত করতে পেরেছিল। এটি একটি গুরুত্বপূর্ণ প্রাক-পঠন দক্ষতা। ধ্বনিগুলিকে শোনা ও চিনতে পারার ক্ষমতা ও পরবর্তীতে তাদের পড়তে পারার ক্ষমতার মধ্যে একটি সম্পর্ক রয়েছে। যে সমস্ত শিক্ষার্থীরা পড়তে না শিখলেও অক্ষরের ধরণ বা অক্ষরের ছবি দেখে সেই অক্ষরের ধ্বনিকে শনাক্ত করতে পারে বা মেলাতে পারে তারা তাদের এই জ্ঞানকে বা ক্ষমতাকে পরবর্তীকালে পড়ার ক্ষেত্রে কাজে লাগাতে পারবে। কোন কোন শিক্ষার্থীরা অন্ত:মিলযুক্ত শব্দগুলিকে সহজে চিনতে পারছে এবং কোন কোন শিক্ষার্থীরা ছড়ার মধ্যে থেকে শব্দ বা ধরণ ব্যবহার করে নিজেদের শব্দ তৈরি করছে, আপনার কাছে তার একটি নথি রাখুন। তারা কখন তাদের মৌখিক জ্ঞানকে ছাপা শব্দের সঙ্গে সংযুক্ত করতে চেষ্টা করছে, তা লক্ষ্য করুন।

বড় শিক্ষার্থীরাও ছড়া ও শব্দ নিয়ে খেলা করতে ভালবাসে এবং এগুলি তাদেরকে তাদের ইংরেজির জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করে। পরের কেস স্টাডিতে শিক্ষক তাঁর শিক্ষার্থীদের ইংরেজিতে কবিতা রচনায় উদ্বুদ্ধ করছেন।

কেস স্টাডি 2: শ্রী দীনেশের শ্রেণির শিক্ষার্থীরা কবিতা লেখে

শ্রী দীনেশের তৃতীয় শ্রেণির শিক্ষার্থীরা ইংরেজির দক্ষতার বিভিন্ন স্তরে রয়েছে। তিনি তাদের জলের উপর একটি কবিতা লিখতে বলেছিলেন।

আমি বোর্ডে কিছু নতুন শব্দ লিখে দিয়ে শুরু করেছিলাম, যাকে আমি ‘help words’ বলেছিলাম। শ্রেণির শিক্ষার্থীরা যেই ‘water’-এর বিষয়ে কথা বলতে শুরু করল, আরও অনেক শব্দ সেই তালিকায় যুক্ত হয়ে গেল। এই শব্দগুলিকে হয় শিক্ষার্থীরা নিজেদের খাতায় লিখে নিল, ‘word box’ শ্রেণিতে রেখে দিল অথবা বুলেটিন বোর্ডে টাঙিয়ে দিল।

আমি শিক্ষার্থীদের তারা জল নিয়ে যে সমস্ত খেলা খেলে সে বিষয়ে তাদের মাতৃভাষায় কথা বলতে বলেছিলাম: বৃষ্টির পরে রাস্তার ধারে জমে থাকা জলের উপর লাফানো; একে-অপরের দিকে জল ছিটানো; হাতের তালু দুটিকে একত্রিত করে তাতে জল জমানোর চেষ্টা করা; গড়িয়ে যাওয়া জলের উপর হাতের তালু দিয়ে চাপড়ানো; জলে বুদবুদ তৈরি করা। আমি শিক্ষার্থীদের তাদের এই সমস্ত কার্যকলাপের ছবি আঁকতে বলেছিলাম। তারপর আমি তাদের ছবিগুলিকে ইংরেজিতে বর্ণনা করতে বলেছিলাম।

শিক্ষার্থীরা তাদের মাতৃভাষার সঙ্গে ইংরেজি মিশিয়ে এবং কিছু অর্থহীন শব্দ ব্যবহার করে কিছু বাক্য তৈরি করে দেখাতে এসেছিল, উদাহরণস্বরূপঃ

‘Chup chup water’
‘Water jump’
‘Water hands’
‘Ravi pipe water’
‘Sapna, water bulbule soap.’

ইংরেজি বাক্যগুলি সম্পূর্ণ ও সঠিক ছিল না, এবং শিক্ষার্থীরা কোন কোন ক্ষেত্রে অর্থহীন শব্দও ব্যবহার করেছিল, কিন্তু আমি সেগুলি মেনে নিয়েছিলাম কারণ শব্দ ও ধ্বনিগুলি মিলে অর্থপূর্ণ কিছু একটা তৈরি হয়েছিল এবং সেগুলি করতে তারা মজা পেয়েছিল। আমি শিক্ষার্থীদের প্রচেষ্টাকে স্বীকৃতি দিয়েছিলাম এবং যেখানে প্রয়োজন ছিল তাদের বাক্যগুলিকে সম্পূর্ণ ইংরেজিতে প্রকাশ করে সাহায্য করেছিলাম,। কোনও কোনও ক্ষেত্রে শিক্ষার্থীরা ধ্বনি বা পরিবেশকে বোঝানোর জন্য কিছু অর্থহীন শব্দের ব্যবহার করেছিল,

এবং তাদেরকে তা করার জন্য সেগুলির বানান লিখতে হয়েছিল। সমগ্র শ্রেণি একসঙ্গে জল সম্পর্কে এই কবিতাটি লিখেছিল:

Water says chup chup,
Let's go jump jump.
Let's play with water,
Come my friend, come come,
Without water, I am not happy.

আমি অন্যান্য বিষয়ের সঙ্গে কবিতার সংযোগ করার কাজ চলমান রেখেছিলাম। 'transport' বিষয়টির উপর ক্লাসটি ট্রেনের শব্দ ব্যবহার করে এই কবিতাটি লিখেছিল:

Train at the station,
Koo chuk chuk chuk chuk,
Sapna takes a ride,
Ha ha ha, wah wah wah wah.

কোন কোন সময় আমি একটি ছোট বাক্যাংশ বা শব্দ দিয়ে শ্রেণি শুরু করতাম, যেমন, 'little red apple'। আমি শিক্ষার্থীদের এই লাইনটি অব্যাহত রাখতে বলতাম, প্রথমে একে-অপরের সঙ্গে কথা বলে এবং ছবি এঁকে এবং তারপর গোটা কবিতাটি লেখার ব্যাপারে পরামর্শ উপস্থিত করতে বলে:

Little red apple,
Hmm! So juicy,
See! See! See!
Little drop falling,
Drip drip drip.

আমার শিক্ষার্থীরা একাধিক ইংরেজি কবিতা লিখেছিল। আমি তাদের লেখা কবিতা ও ছবিগুলিকে একটি ফোল্ডারে সংগ্রহ করে রেখেছিলাম পরে সেগুলিকে বাঁধাই করে শ্রেণিকক্ষের জন্য একটি কবিতার বইয়ে পরিণত করার জন্য।

শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের বিদ্যালয়ে আমন্ত্রণ জানিয়েছিল এবং তাদের লেখা কবিতাগুলি পড়ে শুনিয়েছিল। তারা তাদের কবিতাগুলিকে বিদ্যালয়ের একটি সমাবেশেও উপস্থাপিত করেছিল।
(এই কবিতাগুলি দিল্লির সিআইই এক্সপেরিমেন্টাল বেসিক স্কুল-এর দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির শিক্ষার্থীরা লিখেছিল, 2011-12 শিক্ষাবর্ষে)

অ্যাক্টিভিটি 5: একটি কবিতা লিখুন

কেস স্টাডি 2-এ শ্রী দীনেশের যে উদাহরণটি দেওয়া হয়েছে সেটিকে ব্যবহার করে আপনার শ্রেণির জন্য একটি কবিতা লেখার অনুশীলনীর পরিকল্পনা করুন।

কোন ধরণের বিষয়ে বা বিষয়বস্তুতে শিক্ষার্থীরা আগ্রহী হবে? কিছু 'help words' দিয়ে শুরু করতে ভুলবেন না।

আপনি যখন আপনার পরিকল্পনাটি বাস্তবায়িত করবেন, তখন শিক্ষার্থীদের দেওয়া বিষয়গুলিকে ব্যবহার করতে ভুলবেন না। শিক্ষার্থীদের তাদের ধারণাগুলিকে নিয়ে কথা বলতে ও সেগুলিকে এঁকে ফেলতে বলুন। আপনি কবিতায় স্থানীয় নাম ও জায়গার ব্যবহার করতে পারেন।

ওদের 'শুরু করতে' দিন, ওরা যদি অর্থহীন শব্দও পছন্দ করে তা দিয়েই। মনে রাখবেন যে, প্রতিটি লাইনই যে আগের লাইনটির

সঙ্গে অন্ত:মিল শব্দ দিয়ে শেষ হতে হবে এমনটি জরুরি নয়। শিক্ষার্থীদের কথা বলার ভাষায় যদি কিছু ভুলভ্রান্তি হয় তা মেনে নিন, কারণ তাতে ওদের আত্মবিশ্বাস বাড়বে। শিক্ষার্থীরা সেই সমস্ত শব্দের বানান তৈরি করতে পারে যেগুলি ধ্বনি বা আওয়াজ প্রস্তুত করে/ তৈরি করে।

ওদের কবিতাগুলিকে একটি ফোল্ডারে সংগ্রহ করুন যাতে করে তারা তাদের কাজগুলিকে আবারও পড়তে পারে।

পাঠের শেষে বা বিদ্যালয়ের কোন সমাবেশে বা অভিভাবকদের জন্য কবিতাগুলিকে প্রদর্শন করে দেখানোর কোন সুযোগ কি শিক্ষার্থীদের জন্য রয়েছে? আপনার শিক্ষার্থীদের কবিতাগুলি শোনার জন্য শ্রোতার বন্দোবস্ত করতে পারলে তা তাদের ইংরেজিতে কথা বলার অভ্যাস করতে এবং নিজেদের ইংরেজির দক্ষতা সম্পর্কে আত্মবিশ্বাস অর্জনে উৎসাহিত করবে। ওই সমাবেশ বা প্রদর্শনের সময় আপনার শ্রেণির সমস্ত শিক্ষার্থীরা যাতে উপস্থিত থাকে তা নিশ্চিত করুন।

5 সারসংক্ষেপ

এই অধ্যায়ে আপনাকে ছড়া কাটার খেলা, গান ও শব্দ নিয়ে খেলার সঙ্গে পরিচিত করানো হল। শব্দ নিয়ে ছড়া কাটা ও খেলা করার একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য রয়েছে। একই রকম ও ভিন্ন ধরনের ধ্বনি ও শব্দ শোনা ও তাদের মধ্যে প্রভেদ করতে পারা একটি গুরুত্বপূর্ণ প্রাক-পঠন দক্ষতা। যে সমস্ত শিশুদের অন্ত:মিলযুক্ত কবিতা ও গল্পের প্রচুর অভিজ্ঞতা রয়েছে তারা, প্রায়শ:ই প্রকাশ ভঙ্গিমা দিয়ে পড়তে পারে।

আমরা আশা করি আপনি শিক্ষার্থীদের প্রাক-পঠন দক্ষতা অর্জনে উৎসাহিত করার জন্য এবং ভাষাশিক্ষাকে উপভোগ্য করে তোলার ক্ষেত্রে কীভাবে ইংরেজিতে ও শিক্ষার্থীদের মাতৃভাষায় ছড়ার ব্যবহার করতে হবে, সে সম্পর্কে ধারণা অর্জন করতে পেরেছেন।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হল:

- *শ্রেণিকক্ষের রুটিন*
- *সৃজনশীলভাবে পাঠ্য পুস্তকের ব্যবহার করা*
- *সৃজনশীল কলার মাধ্যমে ইংরেজি শেখা*
- *ইংরাজির বর্ণ এবং ধ্বনি।*

সম্পদসমূহ

Resource 1: Singing poetry

By listening to poetry regularly, young students get accustomed to the basic patterns of a language. What is especially useful about poetry in this matter is that it is so easy to store it in one's memory. Small children have to put in no special effort to memorise poetry; just by enjoying it several times and reciting it they make it a part of their permanent collection.

The important question for the teacher is: 'How do I select good poems and where can I find them?' The poems that most primers and textbooks carry are often of a low quality and have little value for the development of language. Similarly, much of the poetry published in Bengali monthly magazines has little worth. Most poems we see in textbooks and magazines are moralistic and dull. They have an artificial sentence structure and vocabulary. They lack the feel of real day-to-day language. This is why they have hardly any value as resources for learning language.

Quite a different kind of poems, are needed for building the foundation of children's reading skills. A selection of such poems in Bengali is given below.

হাটে গোলমাল
বেচে কেনে মাল
কত লোকজন
কত মন মন
চাল ডাল নুন,
ঢেড়স বেগুন
তরকারী সিম,
মাছ আলু ডিম,
ধামা ভরা আম,
পেপে কলা জাম
হাড়ি হাড়ি খাসা,
গুড়ের বাতাসা।
(– আমার বই পঃবঃ সরকার দ্বিতীয় ভাগ)

হাট্টিমাটিম টিম্
তারা মাঠে পাড়ে ডিম
তাদের খাড়া দুটো শিং
তারা হাট্টিমাটিম টিম্।
(অজ্ঞাত কবি)

টিম্ টিম্ টিম্ টিম্
মিটি মিটি তারা
তুমি কে ভেবে আমি
হই দিশাহারা
দূর আকাশে ওই পৃথিবীর পরে
যেন হীরে পান্না ঝিকিমিকি করে।
(অজ্ঞাত কবি)

একটি হাতি
মাথায় ছাতি
বেড়ায় ঘুরে
বনবাদাড়ে
এক শজারু
সরের নাড়ু
একলাটি খায়
বনের ধারে।
(– আমার বই পঃবঃ সরকার প্রথম ভাগ)

বিদ্ ঘুটে রাত্তিরে ঘুট ঘুটে ফাঁকা
গাছপালা মিশমিশে মখমলে ঢাকা।
জট্ বাঁধা ঝুল্ কালো বটগাছ তলে
ধক ধক জোনাকীর চকমকি জ্বলে,
চুপচাপ চারদিকে ঝোপঝাড়গুলো –
আয় ভাই গান গাই আয় ভাই হলো।

– সুকুমার রায়

উচ্ছে বেগুণ পটল মুলো
বেতের বোনা ধামা কুলো
সরষে ছোলা ময়দা আটা
শীতের রেপার নক্সা কাটা
ঝাঝরি কড়া বেড়ি হাতা
শহর থেকে সস্তা ছাতা
কলসী ভরা এখো গুড়ে
মাছি যত বেড়ায় উড়ে

– রবীন্দ্রনাথ ঠাকুর

একলা থাকে এক, পয়লা বলি তাকে
দুইজনে দোসর হয়ে দ্বিতীয় পিছে থাকে
তিনে মিলে ত্রিনেত্র তৃতীয় স্থানে রয়
চার জনেতে চতুষ্কোণে চতুর্দিকে বয়।
পাঁচ মানে পঞ্চবান, "পঞ্চম" সুরকার
ছয়ে ঙয় ষড়ঋতু, ছক্কায় তেন্ডুলকার
সাতে আছে সমুদ্র সপ্তম তাকে বলি
আটে অষ্টম, আহ্লাদে আট, জীবনের পথ চলি,
নয় নয় করে নবম লাইন ছড়ায় সংখ্যা বলা
দশে দশ পেতে সবাই মিলে খেলি মজার খেলা।

– মৃন্ময় দে

তালগাছটার একটা পা
আমার কেন দুই,
ইচ্ছে করে আকাশটাকে
দু হাত দিয়ে ছুঁই।
মা দুর্গার তিনটে চোখ
আমার কেন দুই,

ইচ্ছে করে প্রণাম করে
ছুঁয়েই থাকি ভুঁই।
বাঘের কেন চারটে পা
আমার কেন দুই,
আর দুটো কি হারিয়ে গেলো
কোথায় খুঁজে পাই,
পাঁচটা আঙুল হাতের পাতায়
নানান কাজ করতে শেখাই
হাঁসের পায়ের চারটে–আঙুল
জুড়ে থেকে জলকে কাটায়
অবাক করা ব্যাপারগুলো
মনটাকে ভাই ভীষণ ভাবায়।

ছয়টি ঋতুর নানান বাহার
বাজায় কেবল সুরের নিঝর
মনের কথা, ভাবনা যত
দেব ভাবি করে উজাড়।

সাত রং এর ঐ রামধনু টা
মনের ভেতর জাগায় ছটা
কেমন করে তৈরি হল
সাত রং এর ঐ রঙের ঘটা।

আট টা পায়ের মাকড়সটা
জাল বুনে তার সময় কাটায়
সময়টাকে ধরতে যে চাই
সেটা শুধু কেবল পালায়।

নবরত্নের রাজার মুকুট
সত্তার মাঝে হয় যে প্রকট
আমার মাথায় নেই তো কিছু
প্রশ্ন করি তোমায় বিরাট।

মা দুর্গার দশটা হাত
আমার কেন দুই
ইচ্ছে করে দুই তেই
দশের শক্তি পাই।

–নূপুর চ্যাটার্জী

Such poems can surely be found in all Indian languages, but the teachers who want to find them will have to search very carefully. They will need to keep their eyes open for playful and natural use of language. Also, purely didactic poems will have to be left out.

One thing that any teacher can easily do is to write out the songs that students sing while playing certain games, such as while skipping, jumping and playing ball. These are traditional rhymes, and it may be difficult to collect them in cities. However, with some effort, we can make our own collections of such songs. The collection can take the form of one or more little books with a song written neatly on each page, along with a suitable picture which can either be made or cut out from a magazine or some other source. It is not always necessary that the picture should accurately portray what the poem says. If the picture simply evokes a mood or scene that is vaguely associated with the poem, this is fine. You can prepare several books by yourself in this manner, each one of about 16 pages, using ordinary white paper if you cannot afford the slightly more expensive drawing paper. If you use drawing paper, the book will last longer and you won't have to prepare the same book each year.

The way to read poetry books is the same as for other books, that is, sitting with a group of students with the book in the middle. After two or three occasions, you can sing the poem aloud without the book and ask students to sing with you. They will be able to sing the poem from memory quite soon if the poem is of good quality. Later, when you read it again from the book, they will anticipate the words given on the pages. Students of six can happily copy out a whole poem on a separate piece of paper or slate, and if they know it by heart by that time, they will have little difficulty recognising individual words after a few days.

(Adapted from Kumar, 1986.)

সম্পদ 2: জুটিবদ্ধ কাজ ব্যবহার করা

রোজকার জীবনে মানুষ পাশাপাশি কাজ করে, পরস্পর কথা বলে ও শোনে, আর দেখে তারা কী করছে আর কীভাবে করছে। এইভাবে মানুষ শেখে। আমরা যখন অন্যের সঙ্গে কথা বলি, আমরা নতুন ধারণা আর তথ্য আবিষ্কার করি। শ্রেণিকক্ষে সবকিছু যদি শিক্ষক কেন্দ্রিক হয়, তাহলে বেশিরভাগ শিক্ষার্থীরাই তাদের শিক্ষা প্রদর্শন করতে বা পরখ করে দেখতে বা প্রশ্ন করতে পর্যাপ্ত সময় পাবে না। কিছু শিক্ষার্থী হয়ত সংক্ষিপ্ত উত্তর দেবে আর কিছু শিক্ষার্থী হয়ত কিছুই বলবে না। শিক্ষার্থীবহুল শ্রেণিতে পরিস্থিতি আরও খারাপ হবে। খুব অল্প সংখ্যক শিক্ষার্থীই কোন কিছু বলবে।

জুটিতে কাজের পদ্ধতি কেন ব্যবহার করা হয়?

জুটিতে কাজ শিক্ষার্থীদের কথা বলার মাধ্যমে আরো বেশি শেখার একটা স্বাভাবিক রাস্তা। এটা তাদের নতুন ভাষা আর ধারণাগুলো ভাবার আর ব্যবহার করার সুযোগ দেয়। এটা শিক্ষার্থীদের নতুন দক্ষতা ও ধারণাগুলোর মাধ্যমে কাজ করার একটা সহজ উপায় প্রদান করে, আর শিক্ষার্থীবহুল শ্রেণির ক্ষেত্রে ভালভাবে কার্যকর হয়।

সমস্ত বয়স ও বিষয়ের ক্ষেত্রেই জুটি বেঁধে কাজ করা কার্যকরী হয়। এটা বিশেষত বহুভাষিক, নানা মানের শিক্ষার্থী আছে এমন শ্রেণির ক্ষেত্রে উপযোগী কেননা এখানে একে অন্যকে সাহায্য করার জন্য জুটিগুলোকে বিন্যস্ত করা যায়। এটা সবচেয়ে ভালভাবে কার্যকর হয় যখন আপনি সুনির্দিষ্ট কাজ পরিকল্পনা করেন এবং জুটিগুলোকে পরিচালনার জন্য রুটিন তৈরি করেন, যাতে আপনার সমস্ত শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করা আর তাদের শিক্ষা ও উন্নতি নিশ্চিত করা যায়। এই রুটিনগুলো তৈরি হয়ে যাওয়ার পরে, আপনি দেখতে পাবেন যে শিক্ষার্থীরা জুটি বেঁধে কাজ করতে দ্রুত অভ্যস্ত হয়ে যাবে আর এইভাবে শেখাকে উপভোগ করবে।

জুটি বেঁধে কাজের জন্য করণীয়

শিক্ষার কাঙ্খিত ফলাফলের ওপর নির্ভর করে, আপনি বিভিন্ন ধরনের জুটি বেঁধে কাজ ব্যবহার করতে পারেন। জুটি বেঁধে করার কাজগুলো অবশ্যই সুস্পষ্ট ও উপযুক্ত হতে হবে, যাতে শেখার সময় একসাথে করা যায় কেননা একা কাজ করার থেকে জুটিবদ্ধ কাজ অনেক বেশি সহায়ক হয়। তাদের ধারণাগুলো সম্বন্ধে আলোচনার মাধ্যমে আপনার শিক্ষার্থীরা আপনা থেকেই সেগুলো সম্বন্ধে চিন্তাভাবনা করতে থাকবে আর সেগুলোকে আরো উন্নত করবে।

জুটি বেঁধে করার কাজগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হল:

- **'ভাবো-জুটি বাঁধো-আদানপ্রদান করো':** শিক্ষার্থীরা নিজেরাই কোনো সমস্যা বা বিষয় সম্বন্ধে চিন্তাভাবনা করে আর তারপরে সম্ভাব্য উত্তরগুলো নির্ণয় করার জন্য জুটি বেঁধে কাজ করে, তারপরে অন্য শিক্ষার্থীদের সঙ্গে তাদের উত্তরগুলো আদানপ্রদান করে। বানান লেখা, হিসাব গণনা করা, জিনিসগুলোকে শ্রেণিতে বিন্যস্ত করা বা ক্রমানুসারে সাজানো, বিভিন্ন দৃষ্টিভঙ্গি দেওয়া, কোনো গল্পের চরিত্রগুলোর মতো অনুকরণ করা ইত্যাদির জন্য এটা ব্যবহার করা হতে পারে।
- **তথ্য আদানপ্রদান:** শ্রেণির অর্ধেককে কোনো বিষয়ের একটি দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়, আর অন্য অর্ধেককে বিষয়টির অন্য কোনো দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়। তারপরে তারা তাদের তথ্য বিনিময় করার জন্য জুটি বেঁধে কাজ করে, যাতে একটি সমস্যা সমাধান করা যায় বা কোনো সিদ্ধান্তে পৌঁছনো যায়।
- **শোনার মতো দক্ষতাগুলো অভ্যাস করা:** একজন শিক্ষার্থী একটা গল্প পড়তে পারে আর অন্যজন প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে; একজন শিক্ষার্থী ইংরেজিতে একটা রচনা পড়তে পারে আর অন্যজন সেটা লিখতে চেষ্টা করতে পারে; একজন শিক্ষার্থী কোনো ছবি বা চিত্রের বর্ণনা দিতে পারে আর অন্যজন বর্ণনার ভিত্তিতে সেটা আঁকার চেষ্টা করতে পারে।
- **নির্দেশাবলী অনুসরণ করা:** একজন শিক্ষার্থী কোনো কাজ সম্পূর্ণ করার জন্য, অপর শিক্ষার্থীর উদ্দেশে নির্দেশগুলো পড়ে শোনাতে পারে।
- **গল্প বলা বা কোন বিশেষ ভূমিকায় অভিনয়ের ব্যবহার করা:** শিক্ষার্থীরা যে ভাষা শিখছে সেই ভাষায় একটা গল্প বা সংলাপ প্রস্তুত করার জন্য তারা জুটি বেঁধে কাজ করতে পারে।

সবাইকে অন্তর্ভুক্ত করার জন্য জুটিগুলোকে পরিচালনা করা

জুটি বেঁধে কাজ করার ক্ষেত্রে সবাইকে অংশগ্রহণ করতে হয়। যেহেতু শিক্ষার্থীরা আলাদা ধরনের হয়, তাই জুটিগুলোকে এমনভাবে পরিচালনা করতে হয় যাতে তারা প্রত্যেকে জানে যে তাদের কী করতে হবে, তারা কী শিখছে আর আপনি কী কী প্রত্যাশা করেন। আপনার শ্রেণিকক্ষে জুটি বেঁধে কাজের রুটিন তৈরির জন্য, আপনাকে নিচের কাজগুলো করতে হবে:

- শিক্ষার্থীরা যে সমস্ত জুটিতে কাজ করে, সেগুলো পরিচালনা করা। কখনও কখনও শিক্ষার্থীরা বন্ধুদের নিয়ে জুটিতে কাজ করবে; কখনও তা নাও করতে পারে। নিশ্চিত করুন যে তারা যেন এটা বোঝে, যে তাদের শিক্ষাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে সাহায্য করার জন্য আপনি জুটির ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।
- আরো বেশি চ্যালেঞ্জ তৈরি করার জন্য, আপনি কখনও কখনও মিশ্র সামর্থ্য ও বিভিন্ন ভাষার শিক্ষার্থীদের একসাথে নিয়ে জুটি তৈরি করতে পারেন, যাতে তারা একে অন্যকে সাহায্য করতে পারে; অন্য ক্ষেত্রে আপনি এমন শিক্ষার্থীদের নিয়ে জুটি তৈরি করতে পারেন যারা একই পর্যায়ে কাজ করতে পারে।
- আপনার শিক্ষার্থীদের সামর্থ্য জানতে নথি রাখুন, আর সেই অনুযায়ী তাদেরকে একসাথে রেখে জুটি তৈরি করুন।
- জুটি বেঁধে কাজ করার সুবিধাগুলো শুরুতেই শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন। পরিবার আর সমাজের প্রসঙ্গ থেকে উদাহরণ ব্যবহার করুন যেখানে লোকেরা সহযোগীরূপে কাজ করে।
- প্রাথমিক কাজগুলোকে সংক্ষিপ্ত ও সুস্পষ্ট রাখুন।

- আপনি যেভাবে চান শিক্ষার্থীরা সেভাবেই কাজ করছে, এই বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য শিক্ষার্থীদের জুটিগুলোর ওপর নজর রাখুন।
- শিক্ষার্থীদেরকে তাদের জুটিতে ভূমিকা বা দায়িত্ব প্রদান করুন, যেমন কোনো গল্প থেকে দুটো চরিত্র, বা '1' ও '2', বা 'A' ও 'B' এর মতো সহজ লেবেল দিন। তারা একে অন্যের মুখোমুখি হওয়ার আগেই এটা করুন, যাতে তারা শোনে।
- নিশ্চিত করুন যেন শিক্ষার্থীরা মুখোমুখি বসার জন্য সহজেই মুখ ঘোরাতে বা নড়াচড়া করতে পারে।

জুটি বেঁধে কাজ করার সময় শিক্ষার্থীদের বলুন যে প্রতিটি কাজের জন্য তারা কত সময় পাবে, আর নিয়মিতভাবে সময় ঘোষণা করুন। যে জুটিগুলো একে অন্যকে সাহায্য করে আর কাজটা চালু রাখে, তাদের প্রশংসা করুন। জুটিগুলোকে স্থিত হতে আর নিজস্ব সমাধান খুঁজে বের করতে সময় দিন। শিক্ষার্থীরা ভাবনাচিন্তা করার সময় পাওয়ার আগেই দ্রুত তাদের সাথে জড়িত হওয়া আর তারা কী করতে পারে তা দেখানো লোভনীয় হতে পারে। কথা বলা ও কাজ করার পরিবেশটা বেশির ভাগ শিক্ষার্থীই উপভোগ করে। আপনি শ্রেণির চারদিকে হাঁটাচলা করতে করতে লক্ষ রাখুন ও শুনুন, লিখে নিন যে কারা একসাথে স্বচ্ছন্দে কাজ করছে, কাউকে আলোচনায় অন্তর্ভুক্ত করা না হলে সেই বিষয়ে সতর্ক থাকুন, আর যে কোনো সাধারণ ত্রুটি, ভাল ধারণা বা সারসংক্ষেপ লিখে নিন।

কাজটার শেষে আপনার একটা ভূমিকা হল শিক্ষার্থীরা যা প্রস্তুত করেছে তার মধ্যে সংযোগ স্থাপন করা। আপনি কয়েকটা জুটির কাজ দেখানোর জন্য জুটিগুলো নির্বাচন করতে পারেন, অথবা আপনি তাদের জন্য এটাকে সংক্ষিপ্ত আকার দিতে পারেন। শিক্ষার্থীরা একসাথে কাজ করার সময় সাফল্যের একটা অনুভূতি পেতে পছন্দ করে। আপনাকে প্রতিটা জুটির থেকে মতামত নিতে হবে না – কেননা এটা খুব বেশি সময় নেবে - তবে এমন শিক্ষার্থীদের নির্বাচন করুন যাদের পর্যবেক্ষণ করে আপনি বুঝতে পেরেছেন যে তারা একটা ইতিবাচক অবদান দিতে সমর্থ হবে, যা অন্যদেরও শিখতে সাহায্য করবে। যে সমস্ত শিক্ষার্থীরা অংশ নেওয়ার ক্ষেত্রে সাধারণত ভীতু স্বভাবের হয়, তাদের আত্মবিশ্বাস গড়ে তোলার এটা একটা সুযোগ হতে পারে।

আপনি যদি শিক্ষার্থীদের কোনো সমস্যা সমাধান করতে দেন, সেই ক্ষেত্রে আপনি একটা আদর্শ উত্তরও দিতে পারেন আর তারপরে তাদের জুটি বেঁধে আলোচনা করতে বলতে পারেন যে তাদের উত্তরগুলোকে কীভাবে উন্নত করা যায়। এটা তাদেরকে তাদের নিজের শিখন সম্বন্ধে চিন্তাভাবনা করতে আর তাদের ভুল থেকে শিখতে সাহায্য করবে।

আপনি যদি জুটিতে কাজের ক্ষেত্রে নতুন হন, তবে আপনি এই কাজ, সময় বিভাগ অথবা জুটির সমন্বয় নিয়ে আপনার কাঙ্ক্ষিত যেকোন পরিবর্তনের নোট করা গুরুত্বপূর্ণ। আপনি এভাবেই শিখবেন আর এভাবেই আপনার পড়ানোর উন্নতি করতে পারবেন, তাই এটা এত জরুরি। সফলভাবে জুটি বেঁধে কাজ পরিচালনা করার সাথে সুস্পষ্ট নির্দেশ দেওয়া ও ভালভাবে সময় নিয়ন্ত্রণের সম্পর্ক আছে, আর সংক্ষেপে সারাংশ দেওয়াও জরুরি - এই সবকিছুর জন্যই অভ্যাস প্রয়োজন হয়।

সম্পদ 3: শ্রেণিকক্ষের গান

'প্রজাপতি, প্রজাপতি (Butterfly, Butterfly)

এটি কর্ণাটকের একটি গ্রামের বিদ্যালয় থেকে নেওয়া। প্রথমে শিক্ষিকা তাঁর শিক্ষার্থীদের প্রতিটি লাইন তার সঙ্গে বলতে বলেছিলেন। তারপর তিনি শিক্ষার্থীদের কতগুলি দলে ভাগ করে দিয়েছিলেন এবং তারা একে একে লাইনগুলি বলেছিল।) This was contributed from a rural school in Karnataka. The teacher has children chant each line after her, at first. Then she puts the children into groups and they take turns to say each line.(

প্রতিটি লাইনের জন্য আপনি কী ধরনের অঙ্গভঙ্গি ব্যবহার করবেন? আপনি কি এই কবিতায় ব্যবহারের জন্য অন্য কোন 'কাজ-ধর্মী' শব্দের কথা চিন্তা করতে পারেন? (What gestures would you use for each line? Can you think of other 'action' words to use in this poem?)

প্রজাপতি, প্রজাপতি, (Butterfly, butterfly,)
তুমি কোথায় চলেছ? (Where are you going?)

ওই বাগানের মধ্যে, (Out in the garden,)
গাইতে গাইতে, (Singing, singing,)
নাচতে নাচতে! (Dancing, dancing!)

প্রজাপতি, প্রজাপতি, (Butterfly, butterfly,)
তুমি কোথায় চলেছ? (What are you doing?)

মধু চুষতে, (Sucking the nectar,)
উড়তে উড়তে, (Flying, flying,)
লাফাতে লাফাতে! (Jumping, jumping!)

'আমাদের চিড়িয়াখানা' ('Our Zoo')

এটি লক্ষ্ণৌর কাছে একটি গ্রামের বিদ্যালয়ের গান, কিন্তু এখানে আপনি আপনার নিজের শহর বা গ্রামের নাম বসিয়ে দিতে পারেন। শিক্ষক ও তাঁর শিক্ষার্থীরা এই গানটি 'ওল্ড ম্যাকডোনাল্ড হ্যাড এ ফার্ম'-এর সুরে গায়, কিন্তু আপনি আপনার মতো সুর তৈরি করতে পারেন। (This is a song from a village school near Lucknow, but you can put in the name of your own town or village. The teacher and students sing it to the tune of 'Old MacDonald Had a Farm', but you can make up your own tune.)

লক্ষ্ণৌ শহরে একটি চিড়িয়াখানা আছে (Lucknow City has a zoo)
ঈ-আই-ঈ-আই-ওঃ! (Ee-ai-ee-ai-oh!)

আর সেই চিড়িয়াখানায় ক'টি বাঘ আছে (And in this zoo are some tigers)
ঈ-আই-ঈ-আই-ওঃ! (Ee-ai-ee-ai-oh!)

একটা বাঘ যে এখানে! (একটা বাঘের ডাকের আওয়াজ করুন, গর্জন করুন বা থাবা দেখান!) (A tiger here! (make a tiger noise, roar and show claws!))
একটা বাঘ যে এখানে! (গর্জন!) (A tiger there! (roar!))
এখানে বাঘ, ওখানে বাঘ, চারিদিকে বাঘ! (Here a tiger, there a tiger, Everywhere a tiger!)

লক্ষ্ণৌ শহরে একটি চিড়িয়াখানা আছে (Lucknow City has a zoo)
ঈ-আই-ঈ-আই-ওঃ! (Ee-ai-ee-ai-oh!)

অন্য কোন প্রাণীকে নিয়ে শব্দ ও অঙ্গভঙ্গি-সহ এটির পুনরাবৃত্তি করুন, উদাহরণস্বরূপঃ ক'টি বাঁদর (চুলকানো ও লাফানো), ক'টি হাতি (শুঁড় দোলান), ক'টি সিংহ, ক'টি সাপ ইত্যাদি। (Repeat with different animals, using sounds and gestures, for example: some monkeys (scratch and jump), some elephants (wave trunk), some lions, some snakes, etc.)

‘বাসের চাকাগুলি’ (‘The Wheels on the Bus’)

বাসের চাকাগুলি (The wheels on the bus go)
গোল-গোল ঘোরে, (Round and round,)
গোল-গোল, (Round and round.)
গোল-গোল। (Round and round.)
বাসের চাকাগুলি (The wheels on the bus go)
গোল-গোল ঘোরে, (Round and round,)
গোটা শহর জুড়ে। (All through the town.)

বাসের ওয়াইপার চলে (The wipers on the bus go)
খস, খস, খস, (Swish, swish, swish,)
খস, খস, খস, (Swish, swish, swish,)
খস, খস, খস,। (Swish, swish, swish.)
বাসের ওয়াইপার চলে (The wipers on the bus go)
খস, খস, খস, (Swish, swish, swish,)
গোটা শহর জুড়ে। (All through the town.)

বাসের হর্ন বাজে (The horn on the bus goes)
পিপ, পিপ, পিপ, (Beep, beep, beep,)
পিপ, পিপ, পিপ, (Beep, beep, beep,)
পিপ, পিপ, পিপ। (Beep, beep, beep.)
বাসের হর্ন বাজে (The horn on the bus goes)
পিপ, পিপ, পিপ (Beep, beep, beep,)
গোটা শহর জুড়ে। (All through the town.)

বাসের আলোগুলো জ্বলে (The lights on the bus go)
জ্বলে-নেভে, (On and off,)
জ্বলে-নেভে, (On and off,)
জ্বলে-নেভে। (On and off.)
বাসের আলোগুলো (The lights on the bus go)
জ্বলে-নেভে, (On and off,)
গোটা শহর জুড়ে। (All through the town.)

বাসের চালক বলে, (The driver on the bus says,)
‘বসো, বসো, বসো, (‘Sit, sit, sit,)
বসো, বসো, বসো, (Sit, sit, sit,)
বসো, বসো, বসো’। (Sit, sit, sit.’)
বাসের চালক বলে (The driver on the bus says,)
বসো, বসো, বসো’, (‘Sit, sit, sit,’)
গোটা শহর জুড়ে। (All through the town.)

বাসের যাত্রীরা… (The people on the bus …)
(আপনার নিজস্ব শব্দ তৈরি করুন।) ((Make up your own words.))

বাসের কন্ডাকটার… (The conductor on the bus …)
(আপনার নিজস্ব শব্দ তৈরি করুন।) ((Make up your own words.))

বাসের চাকাগুলি (The wheels on the bus go)
গোল-গোল ঘোরে, (Round and round,)
গোটা শহর জুড়ে, (All through the town,)
গোটা শহর জুড়ে, (All through the town,)
গোটা শহর জুড়ে। (All through the town.)

‘কাজ-ধর্মী গান’ (‘Action Song’)

একটু লাফাও, ঝাপাও, (Hop a little, jump a little,)
এক, দুই, তিন, (One, two, three;)
একটু ছোটো, একটু কোঁদো, (Run a little, skip a little,)
এক হাঁটুতে তালি দাও, (Tap one knee;)
একটু ঝোঁকো, একটু বেঁকো, (Bend a little, stretch a little)
মাথা নাড়াও, (Nod your head)
একটু হাই তোলো, একটু ঘুমোও, (Yawn a little, sleep a little)
তোমার বিছানায়! (In your bed!)

‘নাড়ানো’ (‘Wiggles’)

আমি আমার আঙ্গুলগুলো নাড়াই, (I wiggle my fingers,)
আমি আমার পায়ের পাতা নাড়াই, (I wiggle my toes,)
আমি আমার কাঁধগুলো নাড়াই, (I wiggle my shoulders,)
আমি আমার নাক নাড়াই। (I wiggle my nose.)
এখন আরা আমার নাড়ানোর (Now no more wiggles)
কিছু নেই, (Are left in me)
তাই আমি যতটা (And I will be)
সম্ভব স্থির হয়েই থাকব। (As still as can be.)

‘তোমার আঙ্গুল নাচাও’ (‘Dance Your Fingers’)

(আপনার শিক্ষার্থীদের আপনাকে নকল করতে বলুন - শূন্যে ও শরীরের উপর আঙ্গুল নাচানো।) ((Have students mimic your actions – dancing fingers in the air and on the body.))

তোমার আঙ্গুলগুলোকে উপরের দিকে নাচাও, (Dance your fingers to the side,)
তোমার আঙ্গুলগুলোকে নিচের দিকে নাচাও, (Dance your fingers to the side,)
তোমার আঙ্গুলগুলোকে দু’দিকে নাচাও, (Dance them all around.)
ওগুলোকে চারিদিকে নাচাও। (Dance them all around.)

ওগুলোকে তোমার কাঁধের উপর নাচাও, (Dance them on your shoulders,)
ওগুলোকে তোমার মাথার উপরে নাচাও, (Dance them on your head,)
ওগুলোকে তোমার পেটের উপরে নাচাও (Dance them on your tummy,)
এবং ওদের সবগুলোকে বিছানায় পেতে দাও। (And put them all to bed.)

(মুখের একদিকে দুহাতের উপর মাথাটা রাখুন) (Rest head on hands together at side of face.)

অতিরিক্ত সম্পদসমূহ

- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- আবোল তাবোল – সুকুমার রায়
- শিশু, শিশু ভোলানাথ, খাপছাড়া – রবীন্দ্রনাথ ঠাকুর।

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Amritavalli, R. (2007) *English in Deprived Circumstances: Maximising Learner Autonomy*. Department of Linguistics, The English and Foreign Languages University, University Publishing Online: Foundation Books.

Cummins, J. (undated) 'BICS and CALP' (online), Jim Cummins' Second Language Learning and Literacy Development Web. Available from: http://iteachilearn.org/cummins/bicscalp.html (accessed 2 July 2014).

Cummins, J. (2000) *Language, Power, and Pedagogy: Bilingual Children in the Crossfire*. Bristol: Multilingual Matters.

Gibbons, P. (2002) *Scaffolding Language, Scaffolding Learning: Teaching Second Language Learners in the Mainstream Classroom*. Portsmouth: Heinemann.

Krashen, S. (1981) *Second Language Acquisition and Second Language Learning*. Oxford: Pergamon Press.

Krashen, S. (1982) *Principles and Practice in Second Language Acquisition*. Oxford: Pergamon Press.

Kumar, K. (1986) *The Child's Language and the Teacher: A Handbook*. United Nations Children's Fund.

Mohan, B. (1986) *Language and Content*. Reading, MA: Addison-Wesley.

Mohan, B., Leung, C. and Davison, C. (eds) (2001) *English as a Second Language in the Mainstream: Teaching, Learning and Identity*. New York, NY: Longman.

Wells, G. (2003) 'Children talk their way into literacy', published as 'Los niños se alfabetizan hablando' in García, J.R. (ed.) *Enseñar a escribir sin prisas… pero con sentido*. Sevilla, Spain: Publicaciones MCEP. Available from: http://people.ucsc.edu/~gwells/Files/Papers_Folder/Talk-Literacy.pdf (accessed 8 July 2014).

Wells, G. (2009) *The Meaning Makers: Learning to Talk and Talking to Learn*, 2nd edn. Bristol: Multilingual Matters.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবলমাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, পরবর্তী কোনও OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

সম্পদ 1: কুমার কে. (1986)-*এর দ্য চাইল্ডস ল্যাঙ্গুয়েজ অ্যান্ড দ্য টীচার থেকে গৃহীত: একটি হ্যান্ডবুক* রাষ্ট্রসংঘের শিশুদের তহবিল। (Resource 1: extract from Kumar, K. (1986) *The Child's Language and the Teacher: A Handbook*. United Nations Children's Fund.)

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।